

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.১০০০.০০০.১৪.০৫৯.১৫(১). ০৪

তারিখঃ ২১ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে বগুড়া জেলা পরিষদের আরএডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন


সূত্রঃ বগুড়া জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপব/১৭৩/স্কীম/২০১৭-২০১৮/১৬৩, তারিখঃ ৫/১০/২০১৭।

২০১৬-২০১৭ অর্থবছরে বগুড়া জেলা পরিষদের আরএডিপি বরাদ্দের আওতায় ১,৪৬,০০,০০০/- (এক কোটি ছেচল্লিশ লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ১২৬টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ টাকা থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, বগুড়া কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ বগুড়া এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।


০৪/০১/১৮

(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, বগুড়া।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।